# বার্ষিক প্রতিবেদন
## ২০২৩-২০২৪




**জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট**

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

সাভার, ঢাকা

# বার্ষিক প্রতিবেদন

## ২০২৩-২০২৪

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সাভার, ঢাকা

**পৃষ্ঠপোষক**

জনাব আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক

**বিশেষ কৃতজ্ঞতায়**

জনাব সৌরেন্দ্র নাথ সাহা
রেজিস্ট্রার

**সম্পাদক**

জনাব রেবেকা সুলতানা
উপপরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা)

**সহ-সম্পাদক**

সাহিদা ইয়াসমিন
প্রভাষক (হর্টিকালচার)

**সহযোগিতায়**

শারমিন আক্তার, সহকারী পরিচালক
মোঃ আলমগীর কবির, সহকারী পরিচালক
বি, এম, আসিফ আকাশ, প্রভাষক
প্রকাশ কুমার দাস, ইন্সট্রাক্টর
মোঃ জহুরুল ইসলাম, ইন্সট্রাক্টর
মোঃ ইমরুল আহসান প্লাবন, ইন্সট্রাক্টর

**প্রচ্ছদ**

সাহিদা ইয়াসমিন

**চিত্রশিল্প ও আলোকচিত্র**

মোহাম্মদ নুরুল আমিন ভূঁইয়া
অডিও ভিজুয়্যাল অপারেটর

**গ্রাফিক্স ডিজাইন**

অশোক চন্দ্র বালা

**মুদ্রণ**

অমি প্রিন্টার্স

**প্রকাশকাল**

১৪ অক্টোবর, ২০২৪



উপদেষ্টা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ও
উপদেষ্টা
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

# বাণী

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ হতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। আমি এ মহতী উদ্যোগকে স্বাগত জানাই।

যুব সমাজ দেশকে উন্নয়নের সর্বোচ্চ শিখরে পৌঁছানোর মূল চালিকা শক্তি, যার প্রমাণ মিলেছে ছাত্র-জনতার অভূতপূর্ব বিপ্লবের সফলতায়। ফলে বিদ্যমান ঘুণে ধরা রাষ্ট্র কাঠামো ও প্রতিষ্ঠানসমূহের আমূল রূপান্তরের ক্ষেত্রে এক নতুন সম্ভাবনার দ্বার উন্মোচিত হয়েছে। আর এক্ষেত্রে নেতৃত্ব দিয়েছে আমাদের যুব সমাজ। বর্তমানে বাংলাদেশে এক- তৃতীয়াংশ কর্মক্ষম যুব রয়েছে। এই সম্ভাবনাময় যুব সমাজকে দেশের আর্থসামাজিক উন্নয়নের পাশাপাশি সার্বিক উন্নয়ন ও সংস্কারে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে কাজ করে চলেছে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

যুবসমাজকে উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করতে এই ইনস্টিটিউটে ২০২৩-২০২৪ অর্থ বছরে বিভিন্ন যুববান্ধব কর্মসূচি বাস্তবায়িত হয়েছে। যুবদের জ্ঞান, দক্ষতার বৃদ্ধি ও নৈতিকতার উৎকর্ষ সাধনে ৩টি বিষয়ে ডিপ্লোমা কোর্সে ১০০ জন এবং ৪৪ টি সংক্ষিপ্ত কোর্সে ১৩৮১ জন সর্বমোট ১৪৮১ জন যুব ও যুবনারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণে তাত্ত্বিক জ্ঞানের পাশাপাশি ব্যবহারিক ক্ষেত্রে দক্ষতা অর্জনের লক্ষ্যে ৪ টি আধুনিক কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। যুবদের উন্নয়নে ইনস্টিটিউটে আয়োজিত প্রশিক্ষণের প্রভাব নির্ধারণে ১টি গবেষণা পরিচালিত হয়েছে। এছাড়াও যুব সমাবেশ, যুব কর্মশালা ও ৫ দিনব্যাপী যুব মতবিনিময় আয়োজিত হয়েছে। এ ইনস্টিটিউট ইতোমধ্যে বিভিন্ন ক্ষেত্রে সফলতার স্বাক্ষর রাখতে শুরু করেছে। আমার দৃঢ় বিশ্বাস ভবিষ্যতে এ প্রতিষ্ঠান যুগোপযোগী কার্যক্রম অব্যাহত রাখার মাধ্যমে সাফল্যের ধারা সমুন্নত রাখতে সক্ষম হবে।

ইনস্টিটিউটের সকল কর্মকাণ্ডের তথ্যচিত্র বার্ষিক প্রতিবেদনে প্রকাশ সরকারি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতার পরিচায়ক। এর মাধ্যমে এ প্রতিষ্ঠানের কার্যক্রম সম্পর্কে যুব সমাজ অবহিত হতে পারবে এবং এতে যুবদের সেবা প্রাপ্তিও সহজতর হবে।

আমি এ প্রতিবেদন সংকলন ও প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই।

(আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া)



সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান, নির্বাহী কাউন্সিল
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

# বাণী

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এ প্রতিবেদন থেকে ইনস্টিটিউট কর্তৃক সম্পাদিত কার্যাবলী ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সম্পর্কে অবহিত হওয়া সম্ভব।

সরকার যুব ও যুবনারীদের উন্নয়নে কাজ করে যাচ্ছে। যুবদের দক্ষ ও স্বাবলম্বী করে গড়ে তোলার ক্ষেত্রে সরকারের মহতী উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে ইনস্টিটিউটে কার্যক্রম চলমান রয়েছে। Demographic dividend এর সুবর্ণ সুযোগে দেশের যুব সমাজকে বেকারত্বের হাত হতে রক্ষা করে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে আত্মকর্মী হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে এ ইনস্টিটিউটে ডিপ্লোমাসহ বিভিন্ন ট্রেডে সংক্ষিপ্ত কোর্স পরিচালনা, গবেষণা কার্যক্রম সম্পাদন, যুব সমাবেশ, যুব কর্মশালা ও যুব মত বিনিময় কর্মসূচী আয়োজন করছে।

যুব ও যুবনারীদের উন্নত প্রশিক্ষণের দ্বারা দক্ষ মানবসম্পদ তৈরি ও স্বকর্মসংস্থানে উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠানটি গত ২০২৩-২০২৪ অর্থবছরে সক্ষমতার উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে, যা ইনস্টিটিউটকে সেন্টার অফ এক্সসিলেন্স হিসেবে প্রতিষ্ঠার ক্ষেত্রে আরো এক ধাপ এগিয়ে নিয়েছে। আশা করি ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে।

এ বার্ষিক প্রতিবেদন সকল অংশীজনদের এবং আগ্রহী ব্যক্তি ও সংস্থার কাছে ইনস্টিটিউটের কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা দেবে বলে আমি প্রত্যাশা করি। তথ্যবহুল প্রতিবেদন প্রকাশ করার জন্য এ প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই ।

(মোঃ রেজাউল মাকছুদ জাহেদী)



আবু তাহের মো: মাসুদ রানা
মহাপরিচালক
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

# বাণী

২০২৩-২০২৪ অর্থ বছরে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত কার্যক্রম সম্বলিত বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পেরে আমি আনন্দিত। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণে এ প্রতিবেদন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। একই সাথে প্রতিবেদনে সন্নিবেশিত তথ্য যুব সমাজের জানার পরিধিকে আরও বিস্তৃত করবে বলে আমি আশাবাদী।

ইনস্টিটিউটে যুব ও যুবনারীদের আত্মনির্ভরশীল, আধুনিক মনস্ক, আত্মপ্রত্যয়ী ও দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলার জন্য ৩টি বিষয়ে ইনস্টিটিউটে ৬ মাস মেয়াদী ডিপ্লোমা ও ১৭টি সময়োপযোগী সংক্ষিপ্ত কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। বিবেচ্য অর্থবছরে প্রশিক্ষণ গ্রহণ উপলক্ষ্যে ১৪৮১ জন যুব ও যুবনারীর পদচারণায় মুখরিত ছিল এ ইনস্টিটিউট। দেশের ৬৪টি জেলা থেকে আগত যুব ও যুবনারীর উপস্থিতিতে ৫ দিনব্যাপী যুব মতবিনিময়, ৭০০ জন যুব এর উপস্থিতিতে যুব সমাবেশ এবং যুব উন্নয়নকল্পে কর্মশালার আয়োজন করা হয়। এ সকল কর্মসূচির মাধ্যমে দেশের এক প্রান্ত থেকে অপর প্রান্তে যুব সমাজের জন্য জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের একটি জাতীয় প্লাটফর্ম হিসেবে এ প্রতিষ্ঠানটি কাজ করছে। যুবসমাজের উন্নয়নে গবেষণা কার্যক্রম পরিচালনা করা হয়েছে। তাত্ত্বিক জ্ঞানের পাশাপাশি ব্যবহারিক জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে ৪ টি আধুনিক কম্পিউটার ল্যাব স্থাপন আধুনিক প্রশিক্ষণ সুবিধা প্রাপ্তি নিশ্চিত করেছে। এরই ধারাবাহিকতায় ২০২৪-২০২৫ অর্থবছরে আরও ৫টি আধুনিক ল্যাব প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

আমি আশা করি, এই প্রতিবেদনের মাধ্যমে এই ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করা সম্ভব হবে। এ বার্ষিক প্রতিবেদন সংকলন, সম্পাদন ও প্রকাশের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত এ প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সহকর্মীদের জানাই আন্তরিক ধন্যবাদ। কৃতজ্ঞতা জানাই এর নিবেদিত জনবল, প্রশিক্ষক ও সুবিধাভোগী যুব ও যুবনারীদের যারা এই প্রতিষ্ঠানটিকে উৎকর্ষের কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন।

(আবু তাহের মো: মাসুদ রানা}



**জনাব সৌরেন্দ্র নাথ সাহা**
রেজিস্ট্রার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

# বাণী

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট হতে ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের মহতী উদ্যোগকে আমি স্বাগত জানাই। তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণে এ প্রতিবেদন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। একই সাথে এ প্রতিবেদনে সন্নিবেশিত তথ্য যুব সমাজের জানার পরিধিকে আরও বিস্তৃত করবে বলে আমি আশাবাদী।

যুবসমাজ দেশের সমৃদ্ধির প্রধান চালিকা শক্তি। বর্তমানে দেশের মোট জনগোষ্ঠীর প্রায় এক তৃতীয়াংশ কর্মক্ষম যুব সমাজ। দেশের সম্ভাবনাময় এ যুব সমাজকে প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে ক্ষমতায়ন এবং দেশ ও জাতির সার্বিক উন্নয়ন ও গঠনমূলক কর্মকাণ্ডে বৃহৎ পরিসরে যুবদের নিয়োজিত করার নিমিত্তে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের কার্যক্রম পরিচালিত হচ্ছে। দেশের আর্থ-সামাজিক উন্নয়নকল্পে সকল প্রতিকূলতা মোকাবেলা করে দেশকে উন্নতির শিখরে প্রতিষ্ঠিত করতে যুবদের দক্ষতা বৃদ্ধির কোন বিকল্প নেই। আজকের যুব সমাজ বিভিন্নভাবে প্রযুক্তিগতভাবে সমৃদ্ধ হয়ে অর্থনীতিকে চাঙ্গা করেছে। যুব সমাজ তাই জাতির উন্নয়নে কাঙ্খিত সৈনিক, অকুতোভয় কান্ডারি।

যুবসমাজ হচ্ছে প্রতিটি জাতির উন্নতি ও অগ্রগতির সোপান। আমাদের সূর্য সন্তানদের যদি সঠিক পথে দিকনির্দেশনা দেয়া যায়, তাহলে অবশ্যই আমাদের দেশ দ্রুততম সময়ে উন্নত আয়ের দেশে পরিগণিত হবে এবং আমাদের দেশ বিশ্ব মানচিত্রে অলোকবর্তিকা হিসেবে মর্যাদার অধিকারী হবে। সেই লক্ষ্যেই ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় এবং উন্নত বাংলাদেশ বির্ণিমানে যুবদের আগামী দিনের অনুকরণযোগ্য পথনির্দেশক, উদ্ভাবক এবং পরিবর্তনের কান্ডারি হিসেবে তৈরী করাই জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের মূল লক্ষ্য। সে লক্ষ্যেই সফলতার সাথে ১৭ টি সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্স এবং ৩ টি ছয় মাস মেয়াদি ডিপ্লোমা কোর্স পরিচালিত হচ্ছে। ইতোমধ্যে ৮৭৭৫ জন (জুন,২০২৪ পর্যন্ত) প্রশিক্ষনার্থী এ ইনস্টিটিউট থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। এ ইনস্টিটিউটে প্রশিক্ষণ গ্রহণে যুব সমাজের ক্রমবর্ধমান আগ্রহ এবং উদ্যোক্তা হতে আগ্রহী যুবদের অধিক সংখ্যায় অংশগ্রহণ প্রমান করে যে, স্বচ্ছ ও জবাবদিহিতামূলক পরিবেশে পরিচালিত এ প্রতিষ্ঠানের গতিময়তা ও সৃজনশীলতা সুনির্দিষ্ট লক্ষ্যেই ধাবিত হচ্ছে। আমি আশা করি ভবিষ্যতেও এ ধারা চলমান রাখতে সকল পর্যায়ের অংশীজন একাগ্রভাবে কাজ করে যাবে।

সম্মানিত ও দূরদর্শী নেতৃত্বের পথিকৃৎ মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে ২০২৩-২০২৪ অর্থবছরের এ বার্ষিক প্রতিবেদন সংকলন, সম্পাদন ও প্রকাশের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত এ প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। দ্রুত ধাবমান বিশ্ব পরিচালনায় এ প্রয়াস যুব সমাজকে অনুপ্রেরণা যোগাতে মাইলফলক হিসেবে কাজ করবে।

(সৌরেন্দ্র নাথ সাহা)



**জনাব রেবেকা সুলতানা**
উপপরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা)
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

# সম্পাদকীয়

উন্নত বাংলাদেশ বাস্তবায়নে যুবদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ প্রয়োজন। এই প্রয়োজনীয়তা থেকেই দেশের সার্বিক উন্নয়নে যুবদের অর্ন্তভূক্তির জন্য ২০১৮ সালে গঠিত হয়েছে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। প্রশিক্ষণ, গবেষণা এবং উচ্চ শিক্ষার মধ্য দিয়ে যুবদের দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলাই ইনস্টিটিউটের মূল উদ্দেশ্য।

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট তার উদ্দেশ্য পূরণকল্পে ও ইনস্টিটিউটকে সেন্টার অব এক্সিলেন্স হিসেবে গড়ে তোলার অংশ হিসেবে গত ২০২৩-২০২৪ অর্থবছরে বহুমূখী উন্নয়ন ও প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করেছে। এর স্বচ্ছতা ও জবাবদিহিতার দলিল এই বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪, বর্তমান চাহিদা সম্পন্ন প্রশিক্ষণ চালুকরণ, প্রশিক্ষণ প্রদানের জন্য অত্যাধুনিক ক্লাসরুম এবং ল্যাব স্থাপন, প্রশিক্ষাণার্থীদের ইন্টার্নশিপের ব্যবস্থাকরণ, উন্নত গবেষণা, দেশের যুব ও যুবনারীদের অংশগ্রহণে যুব কর্মশালা, যুব মতবিনিময়, যুব সমাবেশের আয়োজন করা, সুশাসন প্রতিষ্ঠায় নানাবিধ কার্যক্রম গ্রহণ, অবকাঠামো সংস্কার ও উন্নয়ন সহ জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটকে আধুনিকীকরণ করা ছিল উন্নয়ন যজ্ঞের বহুবিধ বিষয়।

আমি প্রকাশনা পরিষদের সকলের নিষ্ঠা ও সততার প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি, সংশ্লিষ্ট সকলের আন্তরিকতার মাধ্যমে আমরা এই বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪ প্রকাশ করতে পেরেছি।

**(রেবেকা সুলতানা)**

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ০১. | ইনস্টিটিউট পরিচিতি | ০৯ |
| ০২. | ইনস্টিটিউটের ভিশন, মিশন ও কার্যাবলি | ১২ |
| ০৩. | জনবল ও সাংগঠনিক কাঠামো | ১৫ |
| ০৪. | ইনস্টিটিউটের কার্যক্রমসমূহ | ১৮ |
| | ক. ইনস্টিটিউটের প্রশিক্ষণ কার্যক্রম | ১৮ |
| | i. ডিপ্লোমা কোর্সসমূহ | ১৯ |
| | ii. সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্সসমূহ | ২০ |
| | iii. ইন্টার্নশিপপ্রাপ্ত প্রশিক্ষণার্থীর তালিকা | ৪০ |
| | iv. বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স-২০২৪ | ৪২ |
| | খ. প্রকাশনা | ৪৩ |
| | গ. গবেষণা | ৪৪ |
| | ঘ. যুব কর্মশালা | ৪৬ |
| | ঙ. যুব সমাবেশ | ৪৮ |
| | চ. যুব মতবিনিময় | ৪৯ |
| ০৫. | সুশাসন প্রতিষ্ঠায় গৃহীত কার্যক্রম | ৫১ |
| ০৬. | ইনস্টিটিউট কর্তৃক অন্যান্য কার্যক্রম | ৫৩ |
| ০৭. | ইনস্টিটিউটের অবকাঠামো ও অবকাঠামো ভাড়ার তালিকা | ৫৫ |
| ০৮. | ফটো গ্যালারি | ৬৩ |

# ইনস্টিটিউট পরিচিতি

# জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট পরিচিতি

বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন প্রচেষ্টায় যুব উন্নয়ন বিষয়ক কার্যক্রম এদেশের উন্নয়নের মাত্রার গতি নির্ধারক। যুবরাই উন্নয়নের মূল চালিকা শক্তি। যুবদের কর্মদক্ষতা বৃদ্ধির মাধ্যমে সার্বিক উন্নয়নের অগ্রযাত্রা সম্প্রসারিত হতে পারে। যুবদের উদ্যোগ ও উদ্ভাবনী ক্ষমতার সঠিক বিকাশ এবং তা কর্মক্ষেত্রে সর্বোত্তম ব্যবহারের জন্য প্রয়োজন পরিপূর্ণ শিক্ষা ও উপযুক্ত প্রশিক্ষণ।

এই গুরুত্ব অনুধাবন করে যুবদের শিক্ষা ও উন্নত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে একটি সেন্ট্রাল হাব হিসেবে প্রতিষ্ঠাকল্পে ১৯৯৮ সালে সাভারে অবস্থিত যুব উন্নয়ন অধিদপ্তরের অধীন যুব প্রশিক্ষণ কেন্দ্রের অভিন্ন জমি এবং অবকাঠামোতে যুব কেন্দ্র স্থাপন শীর্ষক একটি প্রকল্পের কার্যক্রম শুরু হয়। পরবর্তীতে মার্চ, ২০০২ মাসে প্রতিষ্ঠানের নামকরণ করা হয় 'জাতীয় যুব কেন্দ্র'।

২০০৬ সালে প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পর ফেব্রুয়ারী ২০১৫ পর্যন্ত থোক বরাদ্দ থেকে প্রাপ্ত অর্থ দ্বারা এ কেন্দ্রের কার্যক্রম চলমান থাকে। ২০১৪ সালের ডিসেম্বর মাসে জনবলসহ কেন্দ্রটি রাজস্ব খাতে স্থানান্তরিত হয়। এই কেন্দ্রের সক্ষমতা বৃদ্ধি ও আধুনিকীকরণ এর জন্য ২০১৫ সালে একটি প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পটি জুন ২০২১ সালে সমাপ্ত হয়।

উল্লেখ্য যে, দেশের সম্ভাবনাময় যুবদের প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে ক্ষমতায়ন এবং দেশ ও জাতির সার্বিক উন্নয়নে গঠনমূলক কর্মকান্ডে বৃহত্তর পরিসরে তাদের নিয়োজিত করার নিমিত্ত গবেষণা, উচ্চ শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান করার উদ্দেশ্যে ২০১৮ সালে আইনের মাধ্যমে যুব কেন্দ্রটি ইনস্টিটিউট হিসেবে প্রতিষ্ঠিত হয়। গত ২৭ আগস্ট ২০২৪ তারিখে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এর মাধ্যমে প্রতিষ্ঠানটির নামকরণ করা হয়েছে "জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট"। এ ইনস্টিটিউ প্রতিষ্ঠালগ্ন থেকে এ পর্যন্ত সর্বমোট ৮৯৪৯ জন যুব ও যুবনারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ০৩টি বিষয়ে ০৬ মাস মেয়াদী ডিপ্লোমা কোর্স ও ১৭টি বিষয়ে সংক্ষিপ্ত কোর্সের কার্যক্রম চলমান রয়েছে। ইনস্টিটিউটকে "Centre of Excellence" হিসেবে প্রতিষ্ঠাকল্পে প্রথম নিজস্ব জনবল নিয়োগ সম্পন্ন হয়েছে। এছাড়া উচ্চ শিক্ষা কার্যক্রম শুরুর কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে জনবল কাঠামো সম্প্রসারণের উদ্যোগ গৃহীত হয়েছে। বিভিন্ন ট্রেডে যুগোপযোগী প্রশিক্ষণ চালুকরণের কার্যক্রম অব্যাহত রয়েছে।

### অবস্থান:

ঢাকা বিভাগের ঢাকা জেলার অন্তর্গত সাভার উপজেলাধীন আশুলিয়া থানার পাথালিয়া ইউনিয়নে ঢাকা আরিচা মহাসড়কের ডেইরি ফার্ম গেইট (কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার) সংলগ্ন স্থানে প্রতিষ্ঠানটি অবস্থিত।

### ভূমি সংক্রান্ত তথ্য:

| | | |
|---|---|---|
| জাতীয় যুব কেন্দ্রের জমি থেকে প্রাপ্ত- | = | ৩.০০ একর জমি |
| বাংলাদেশ প্রাণি সম্পদ গবেষণা ইনস্টিটিউট হতে প্রাপ্ত- | = | ৩.৩৮ একর জমি |
| **সর্বমোট** | **=** | **৬.৩৮ একর জমি** |


ঢাকা আরিচা মহাসড়ক
ফুল বাগান
প্রশাসনিক ভবন (৫ম তলা)
খেলার মাঠ
মসজিদ
পুকুর
পুকুর
পোল্ট্রি শেড (৩ তলা)
মহিলা হোস্টেল (৫ম তলা)
শীতাতপ নিয়ন্ত্রিত অডিটোরিয়াম (৭০০ আসন)
৯০ ফুট
ডেইরীফার্ম
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর জমি
৩.০০ একর
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর অনুকূলে বিএলআরআই কর্তৃক হস্তান্তরিত জমি
ডেইরীফার্ম
বিএলআরআই
বিএলআরআই

# ইনস্টিটিউটের ভিশন, মিশন ও কার্যাবলি

### ভিশন:


যুব সমাজের দক্ষতা উন্নয়নে উৎকর্ষের কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা।

### মিশন:

১. কার্যকর প্রশিক্ষণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধিকল্পে যুব সমাজকে যোগ্য ও আধুনিকমনস্ক করে গড়ে তোলা।

২. শিক্ষা, গবেষণা ও প্রকাশনার মাধ্যমে যুব সমাজের ধারাবাহিক উন্নয়নে অবদান রাখা।

## জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের পরিচালনা পর্ষদ:




(১) যুবদের জন্য উচ্চশিক্ষা ও গবেষণা কর্মসূচি গ্রহণ এবং ইনস্টিটিউট কর্তৃক উপযুক্ত বলে বিবেচিত কোন বিষয় বা বিষয়সমূহের উপর শিক্ষা প্রদানের ব্যবস্থা গ্রহণ;

(২) প্রশিক্ষিত মানবসম্পদ হিসাবে যুবদের বিকাশের লক্ষ্যে যুগোপযোগী কারিকুলাম প্রণয়ন, বাস্তবায়ন এবং প্রশিক্ষণ প্রদান;

(৩) যুব কর্মের অভিঘাত বিশ্লেষণ (Impact Analysis) ও চিন্তা কেন্দ্র (Think-tank) হিসাবে দায়িত্ব পালন;

(৪) একাডেমিক ডিগ্রি, ডিপ্লোমা, সনদ বা উপাধি প্রদান;

(৫) যুব বিষয়ক নীতি ও উদ্ভাবনী পরিকল্পনা প্রণয়ন এবং যুব কর্মকে সহায়তা প্রদান করিবার লক্ষ্যে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

(৬) যুব সংগঠন বা প্রতিষ্ঠান এবং যুবদের পেশাগত দক্ষতা গড়ে তোলর লক্ষ্যে এবং দেশের বৃহত্তর কল্যাণে যুবদের অংশগ্রহণমূলক অন্তর্ভুক্তির স্বার্থে যুবদের মননশীলতা, চারিত্রিক দৃঢ়তা, নেতৃত্বের গুণাবলি, আত্মনিবেদিত সমাজকর্মের প্রতি আগ্রহ ও অনুরূপ গুণাবলি বিকাশের লক্ষ্যে প্রয়োজনীয় অনুপ্রেরণামূলক কর্মসূচি ও ব্যবস্থা গ্রহণ এবং বাস্তবায়ন;

(৭) জাতীয় ও আর্ন্তজাতিক পর্যায়ে যুব বিষয়ক সেমিনার, কর্মশালা ও যুব সমাবেশ আয়োজন এবং যুবদের নেতৃত্ব বিকাশের জন্য যুব ফোরাম, যুব পার্লামেন্ট ইত্যাদি গঠন;

(৮) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ (১৯৯২ সনের ৩৮ নং আইন) এর অধীন স্থাপিত বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সহায়তায় যুব সংক্রান্ত বিষয়ে দূরশিক্ষণ পদ্ধতির মাধ্যমে শিক্ষাদান;

(৯) যুব প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে ডকুমেন্ট প্রস্তুত ও প্রকাশনা;

(১০) যুব উন্নয়ন ও গবেষণা কর্মের জন্য আধুনিক গবেষণাগার, তথ্য-ভান্ডার, লাইব্রেরি ও ই- লাইব্রেরি স্থাপন;

(১১) যুব প্রতিষ্ঠানসমূহকে পরামর্শ প্রদান;

(১২) যুব বিনিময় কর্মসূচি গ্রহণ, যুব বিষয়ক প্রশিক্ষণ ও যুব উন্নয়ন বিষয়ে যৌথভাবে কাজ করিবার লক্ষ্যে দেশি-বিদেশি বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট, স্থানীয় ও আর্ন্তজাতিক যুব উন্নয়ন প্রতিষ্ঠানসমূহের সহিত চুক্তি সম্পাদন;

(১৩) সরকার কর্তৃক, প্রদত্ত নির্দেশনা সাপেক্ষে, উহার উপর অর্পিত অন্যান্য দায়িত্ব পালন এবং

(১৪) প্রয়োজনীয় অন্য যে কোনো কার্য সম্পাদন।



# জনবল ও সাংগঠনিক কাঠামো

# জনবল


যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ০৩/০৬/২০২১ তারিখের ৩৪.০০.০০০০.০৫১.০০৪.১৯ (অংশ-১)-২৫৬ নং স্মারকে ইনস্টিটিউটে নিম্নবর্ণিত ৪৫ টি পদ সৃজনের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়:

| ক্রমিক নং | পদের নাম | পদসংখ্যা |
|---|---|---|
| ০১ | মহাপরিচালক | ০১টি |
| ০২ | রেজিস্ট্রার | ০১ টি |
| ০৩ | পরিচালক | ০১টি |
| ০৪ | উপপরিচালক | ০২টি |
| ০৫ | প্রভাষক | ০৬টি |
| ০৬ | সহকারী পরিচালক | ০৪টি |
| ০৭ | ইনস্ট্রাক্টর | ১২টি |
| ০৮ | উপসহকারী প্রকৌশলী | ০১টি |
| ০৯ | সহকারী হোস্টেল সুপার | ০১টি |
| ১০ | সহকারী লাইব্রেরিয়ান | ০১টি |
| ১১ | ব্যক্তিগত সহকারী | ০২টি |
| ১২ | হিসাব রক্ষক | ০১টি |
| ১৩ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০৪টি |
| ১৪ | স্টোর কিপার | ০১টি |
| ১৫ | হিসাব সহকারী | ০১টি |
| ১৬ | অফিস সহায়ক | ০৬টি |
| | **মোট** | **৪৫টি** |

## জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে ২০২৩-২০২৪ অর্থবছরে কর্মরত জনবল:

| ক্রমিক নং | পদবী | ইনস্টিটিউটে নিয়োজিত জনবল | যুব উন্নয়ন অধিদপ্তর হতে সংযুক্তিতে জনবল | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | মহাপরিচালক (অতিরিক্ত সচিব) | ০১ | - | ০১ | ইনস্টিটিউট আইন দ্বারা নিয়োগ যোগ্য |
| ০২. | রেজিস্ট্রার (যুগ্মসচিব) | ০১ | - | ০১ | ইনস্টিটিউট আইন দ্বারা নিয়োগ যোগ্য |
| ০৩. | পরিচালক (উপসচিব) | ০১ | - | ০১ | পদোন্নতি/প্রেষণের মাধ্যমে নিয়োগ যোগ্য |
| ০৪. | উপপরিচালক | ০১ (সিঃ সহঃ সচিব) | ০১ | ০২ | পদোন্নতি/প্রেষণে নিয়োগ যোগ্য |
| ০৫. | ১ম শ্রেণি (প্রভাষক) | ০৫ | - | ০৫ | সরাসরি |
| ০৬. | ১ম শ্রেণি (সহকারী পরিচালক) | ০২ | ০৪ | ০৬ | ঐ |
| ০৭. | ২য় শ্রেণি (ইস্ট্রাক্টর ) | ১০ | ০১ | ১১ | ঐ |
| ০৮. | ৩য় শ্রেণি (১১-১৬ গ্রেড) | ১০ | ১৬ | ২৬ | ঐ |
| ০৯. | ৪র্থ শ্রেণি (১৭-২০ গ্রেড) | ০৫ | ১০ | ১৫ | ঐ |
| | মোট = | ৩৬ | ৩২ | ৬৮ | |

# সাংগঠনিক কাঠামো



যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
বিকেএসপি
ক্রীড়া পরিদপ্তর
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
জাতীয় ক্রীড়া পরিষদ
বঙ্গবন্ধু ক্রীড়া সেবী কল্যাণ ফাউন্ডেশন
মহাপরিচালক
পরিচালক
রেজিস্ট্রার

# ইনস্টিটিউটের কার্যক্রমসমূহ

# ইনস্টিটিউটের প্রশিক্ষণ কার্যক্রম

## ডিপ্লোমা কোর্সসমূহ

| ক্রমিক নং | কোর্সের নাম | মেয়াদ |
|---|---|---|
| 1. | Diploma in Hotel, Tourism and Hospitality Management | ০৬ মাস |
| 2. | Diploma in Web Application and Web Development | ০৬ মাস |
| 3. | Diploma in Information and Communication Technology | ০৬ মাস |



Diploma in Hotel, Tourism and Hospitality Management



Diploma in Web Application and Web Development




Diploma in Information and Communication Technology

# সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্সসমূহ

দেশের যুব ও যুবনারীদের স্বল্পতম সময়ে বিভিন্ন ট্রেডে দক্ষতা উন্নয়নের জন্য জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের বিভিন্ন মেয়াদী চলমান সংক্ষিপ্ত কোর্সসমূহ-

| ক্রমিক নং | প্রশিক্ষণের নাম | মেয়াদ |
|---|---|---|
| 01. | Food & Beverage Production | 03 Months |
| 02. | Bakery & Pastry Production | 03 Months |
| 03. | Housekeeping & Hospitality Management | 03 Months |
| 04. | Graphics Design and Multimedia | 01/02 Months |
| 05. | Digital Marketing | 01/02 Months |
| 06. | Website Design | 01/02 Months |
| 07. | Data Entry | 02/04/08Weeks |
| 08. | Youth Leadership and Organizational Management. | 02/04 Weeks |
| 09. | Small Business and Entrepreneurship Development | 02/04 Weeks |
| 10. | Adobe Photoshop & Illustrator | 02/04 Weeks |
| 11. | Multimedia Design | 02/04 Weeks |
| 12. | Communicative Language (English) | 04/08 Weeks |
| 13. | Tour Guide and Eco Tourism Management. | 02/04 Weeks |
| 14. | Reception and Customer Service | 02/04 Weeks |
| 15. | Refreshers Course on Graphics Design and Multimedia | 02/04 Weeks |
| 16. | Refreshers Course on Digital Marketing | 02/04 Weeks |
| 17. | Ornamental plants and Orchid Production | 02/04 Weeks |

# সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্সসমূহের তথ্যাদি (২০২৩-২০২৪ অর্থবছর)

| ক্রমিক নং | কোর্সের নাম | মেয়াদ | প্রশিক্ষণার্থীর সংখ্যা | | |
|---|---|---|---|---|---|
| | | | যুব | যুবনারী | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | Food & Beverage Production | ০৩মাস (০৬/০৮/২০২৩খ্রিঃ হতে ০৩/১১/২০২৩খ্রিঃ) | ২৪ জন | ০৯ জন | ৩৩ জন |
| ০২ | Graphics Design and Multimedia | ০২মাস (০৬/০৮/২০২৩খ্রিঃ হতে ০৪/১০/২০২৩) খ্রিঃ | ২১ জন | ০৬ জন | ২৭ জন |
| ০৩ | Digital Marketing | ০২মাস (০৬/০৮/২০২৩খ্রিঃ হতে ০৪/১০/২০২৩) খ্রিঃ | ২৬ জন | ০৮ জন | ৩৪ জন |
| ০৪ | Website Design | ০৪(চার) সপ্তাহ ০৬/০৮/২০২৩খ্রিঃ হতে ০২/০৯/২০২৩) খ্রিঃ | ২৭ জন | ০৪ জন | ৩১ জন |
| ০৫ | Communicative Language (English) | ০৪(চার) সপ্তাহ ০৬/০৮/২০২৩খ্রিঃ হতে ০২/০৯/২০২৩) খ্রিঃ | ২৬ জন | ০৮ জন | ৩৪ জন |
| ০৬ | Reception and Customer Service | ০২(দুই) সপ্তাহ ০৬/০৮/২০২৩খ্রিঃ হতে ১৯/০৮/২০২৩) খ্রিঃ | ২৯জন | ০৬জন | ৩৫জন |
| ০৭ | Small Business and Entrepreneurship Development | ০২(দুই) সপ্তাহ ০৬/০৮/২০২৩খ্রিঃ হতে ১৯/০৮/২০২৩) খ্রিঃ | ২৮জন | ০৮জন | ৩৬জন |
| ০৮ | Adobe Photoshop & Illustrator | ০৪(চার) সপ্তাহ ১৯/০৯/২০২৩খ্রিঃ হতে ১৬/১০/২০২৩) খ্রিঃ | ২১ জন | ০৪ জন | ২৫ জন |
| ০৯ | Communicative Language (English) | ০৪(চার) সপ্তাহ ১৯/০৯/২০২৩খ্রিঃ হতে ১৬/১০/২০২৩) খ্রিঃ | ২১ জন | ১০ জন | ৩১ জন |
| ১০ | Tour Guide and Eco Tourism Management | ০২(চার) সপ্তাহ ১৯/০৯/২০২৩খ্রিঃ হতে ০২/১০/২০২৩) খ্রিঃ | ২৪ জন | ১০ জন | ৩৪ জন |
| ১১ | Graphics Design and Multimedia | ০২মাস (১৭/১০/২০২৩খ্রিঃ হতে ১৫/১২/২০২৩) খ্রিঃ | ২০ জন | ১৩ জন | ৩৩ জন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১২ | Digital Marketing | ০২মাস (১৭/১০/২০২৩খ্রিঃ হতে ১৫/১২/২০২৩) খ্রিঃ | ২৭ জন | ০৮ জন | ৩৫ জন |
| ১৩ | Communicative Language (English) | ০৪(চার) সপ্তাহ ১৭/১০/২০২৩খ্রিঃ হতে ১৩/১১/২০২৩) খ্রিঃ | ২৪ জন | ০৭ জন | ৩১ জন |
| ১৪ | Reception and Customer Services | ০২(দুই) সপ্তাহ ২২/১১/২০২৩খ্রিঃ হতে ০৫/১২/২০২৩) খ্রিঃ | ২৬জন | ০৭ জন | ৩৩ জন |
| ১৫ | Tour Guide and Eco Tourism Management | ০২(দুই) সপ্তাহ ২২/১১/২০২৩খ্রিঃ হতে ০৫/১২/২০২৩) খ্রিঃ | ২৫ জন | ১০ জন | ৩৫ জন |
| ১৬ | Small Business and Entrepreneurship Development | ০২(দুই) সপ্তাহ ২২/১১/২০২৩খ্রিঃ হতে ০৫/১২/২০২৩) খ্রিঃ | ১৭ জন | ১৬ জন | ৩৩ জন |
| ১৭ | Housekeeping & Hospitality Management | ০৩মাস (০৬/১২/২০২৩খ্রিঃ হতে ০৪/০৩/২০২৪) খ্রিঃ | ১৯ জন | ০৮ জন | ২৭ জন |
| ১৮ | Reception and Customer Services | ০২(দুই) সপ্তাহ ০৬/১২/২০২৩খ্রিঃ হতে ১৯/১২/২০২৩) খ্রিঃ | ২৪জন | ০৫ জন | ২৯ জন |
| ১৯ | Reception and Customer Services | ০২(দুই) সপ্তাহ ২০/১২/২০২৩খ্রিঃ হতে ০২/০১/২০২৪) খ্রিঃ | ২১জন | ১২ জন | ৩৩ জন |
| ২০ | Tour Guide and Eco Tourism Management | ০২(দুই) সপ্তাহ ২০/১২/২০২৩খ্রিঃ হতে ০২/০১/২০২৪) খ্রিঃ | ২৬ জন | ০৮ জন | ৩৪ জন |
| ২১ | Small Business and Entrepreneurship Development | ০২(দুই) সপ্তাহ ২০/১২/২০২৩খ্রিঃ হতে ০২/০১/২০২৪) খ্রিঃ | ১৭ জন | ১৯ জন | ৩৬ জন |
| ২২ | Bakery & Pastry Production | ০৩মাস (১০/০১/২০২৪খ্রিঃ হতে ০৮/০৪/২০২৪) খ্রিঃ | ২১ জন | ১১ জন | ৩২ জন |
| ২৩ | Graphics Design and Multimedia | ০২মাস (১০/০১/২০২৪খ্রিঃ হতে ০৯/০৩/২০২৪) খ্রিঃ | ২৫জন | ০৫জন | ৩০জন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২৪ | Digital Marketing | ০২মাস (১০/০১/২০২৪খ্রিঃ হতে ০৯/০৩/২০২৪) খ্রিঃ | ২৭জন | ০৫জন | ৩২জন |
| ২৫ | Reception and Customer Services | ০২(দুই) সপ্তাহ (০৬/০৩/২০২৪খ্রিঃ হতে ১৯/০৩/২০২৪) খ্রিঃ | ১৭ জন | ১৮ জন | ৩৫ জন |
| ২৬ | Tour Guide and Eco Tourism Management | ০২(দুই) সপ্তাহ (০৬/০৩/২০২৪খ্রিঃ হতে ১৯/০৩/২০২৪) খ্রিঃ | ১৮ জন | ১৪ জন | ৩২ জন |
| ২৭ | Adobe Photoshop & Illustrator | ০২(দুই) সপ্তাহ (২০/০৩/২০২৪খ্রিঃ হতে ০২/০৪/২০২৪) খ্রিঃ | ২২ জন | ০৫ জন | ২৭ জন |
| ২৮ | Multimedia Design | ০২(দুই) সপ্তাহ (২০/০৩/২০২৪খ্রিঃ হতে ০২/০৪/২০২৪) খ্রিঃ | ২৩ জন | ০৯ জন | ৩২ জন |
| ২৯ | Reception and Customer Services | ০২(দুই) সপ্তাহ (২০/০৩/২০২৪খ্রিঃ হতে ০২/০৪/২০২৪) খ্রিঃ | ২০ জন | ০৯ জন | ২৯ জন |
| ৩০ | Tour Guide and Eco Tourism Management | ০২(দুই) সপ্তাহ (২০/০৩/২০২৪খ্রিঃ হতে ০২/০৪/২০২৪) খ্রিঃ | ২৪ জন | ১১ জন | ৩৫ জন |
| ৩১ | Ornamental plants and Orchid Production | ০২(দুই) সপ্তাহ (২০/০৩/২০২৪খ্রিঃ হতে ০২/০৪/২০২৪) খ্রিঃ | ২৬ জন | ০৭ জন | ৩৩ জন |
| ৩২ | Small Business and Entrepreneurship Development | ০২(দুই) সপ্তাহ (২০/০৩/২০২৪খ্রিঃ হতে ০২/০৪/২০২৪) খ্রিঃ | ২৪ জন | ০৩ জন | ২৭ জন |
| ৩৩ | Communicative Language (English) | ০৪(চার) সপ্তাহ (২৪/০৪/২০২৪খ্রিঃ হতে ২১/০৫/২০২৪) খ্রিঃ | ৩০জন | ০২ জন | ৩২ জন |
| ৩৪ | Adobe Photoshop & Illustrator | ০৪(চার) সপ্তাহ (২৪/০৪/২০২৪খ্রিঃ হতে ২১/০৫/২০২৪) খ্রিঃ | ২৩ জন | ০৫ জন | ২৮ জন |
| ৩৫ | Reception and Customer Services | ০২(দুই) সপ্তাহ (২৪/০৪/২০২৪খ্রিঃ হতে ০৭/০৫/২০২৪) খ্রিঃ | ২০ জন | ০৯ জন | ২৯ জন |
| ৩৬ | Tour Guide and Eco Tourism Management | ০২(দুই) সপ্তাহ (২৪/০৪/২০২৪খ্রিঃ হতে ০৭/০৫/২০২৪) খ্রিঃ | ২৪ জন | ০৬ জন | ৩০ জন |
| ৩৭ | Small Business and Entrepreneurship Development | ০২(দুই) সপ্তাহ (২৪/০৪/২০২৪খ্রিঃ হতে ০৭/০৫/২০২৪) খ্রিঃ | ২৪ জন | ০৪ জন | ২৮ জন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩৮ | Website Design | ০৪(চার) সপ্তাহ ১৫/০৫/২০২৪খ্রিঃ হতে ১১/০৬/২০২৪) খ্রিঃ | ১৯ জন | ০৫জন | ২৪জন |
| ৩৯ | Communicative Language (English) | ০৪(চার) সপ্তাহ ১৫/০৫/২০২৪খ্রিঃ হতে ১১/০৬/২০২৪) খ্রিঃ | ১২জন | ২০জন | ৩২ জন |
| ৪০ | Adobe Photoshop & Illustrator | ০২(দুই) সপ্তাহ (২৯/০৫/২০২৪খ্রিঃ হতে ১১/০৬/২০২৪) খ্রিঃ | ২০ জন | ০৫ জন | ২৫ জন |
| ৪১ | Reception and Customer Services | ০২(দুই) সপ্তাহ (২৯/০৫/২০২৪খ্রিঃ হতে ১১/০৬/২০২৪) খ্রিঃ | ২৬ জন | ১১ জন | ৩৭ জন |
| ৪২ | Tour Guide and Eco Tourism Management | ০২(দুই) সপ্তাহ (২৯/০৫/২০২৪খ্রিঃ হতে ১১/০৬/২০২৪) খ্রিঃ | ২৩ জন | ০৪ জন | ২৭ জন |
| ৪৩ | Ornamental plants and Orchid Production | ০২(দুই) সপ্তাহ (২৯/০৫/২০২৪খ্রিঃ হতে ১১/০৬/২০২৪) খ্রিঃ | ৩১ জন | ০৫ জন | ৩৬ জন |
| ৪৪ | Small Business and Entrepreneurship Development | ০২(দুই) সপ্তাহ (২৯/০৫/২০২৪খ্রিঃ হতে ১১/০৬/২০২৪) খ্রিঃ | ২৪ জন | ০৭ জন | ৩১ জন |
| | মোট | | **১০১৬জন** | **৩৬৫জন** | **১৩৮১জন** |

# একনজরে সংক্ষিপ্ত কোর্সসমূহ তথ্যাদি

| নং | কোর্সের নাম | মেয়াদ | কোর্স সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | Bakery & Pastry Production | ০৩(তিন) মাস | ০১টি | ৩২ জন | |
| ০২ | Food & Beverage Production | ০৩(তিন) মাস | ০১টি | ৩৩ জন | |
| ০৩ | Housekeeping & Hospitality Management | ০৩(তিন) মাস | ০১টি | ২৭ জন | |
| ০৪ | Graphics Design and Multimedia | ০২(দুই) মাস | ০৩টি | ৯০ জন | |
| ০৫ | Digital Marketing | ০২(দুই) মাস | ০৩টি | ১০১ জন | |
| ০৬ | Website Design | ০৪(চার) সপ্তাহ | ০২টি | ৫৫ জন | |
| ০৭ | Communicative Language (English) | ০৪(চার) সপ্তাহ | ০৫টি | ১৬০ জন | |
| ০৮ | Multimedia Design | ০২(দুই) সপ্তাহ | ০১টি | ৩২ জন | |
| ০৯ | Adobe Photoshop & Illustrator | ০৪(চার) সপ্তাহ | ০৪টি | ১০৫জন | |
| ১০ | Small Business and Entrepreneurship Development | ০২(দুই) সপ্তাহ | ০৬টি | ১৯১ জন | |
| ১১ | Reception and Customer Services | ০২(দুই) সপ্তাহ | ০৮টি | ২৬০ জন | |
| ১২ | Tour Guide and Eco Tourism Management | ০২(দুই) সপ্তাহ | ০৭টি | ২২৭ জন | |
| ১৩ | Ornamental plants and Orchid Production | ০২(দুই) সপ্তাহ | ০২টি | ৬৯ জন | |
| | মোট = | | ৪৪টি | ১৩৮১ জন | |

# Food & Beverage Production

| ০১ | মেয়াদ | ০৩ মাস |
|---|---|---|
| ০২. | কোর্সের সংখ্যা | ০১ টি |
| ০৩. | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ৩৩ জন |



# Bakery & Pastry Production

| ০১ | মেয়াদ | ০৩ মাস |
|---|---|---|
| ০২. | কোর্সের সংখ্যা | ০১ টি |
| ০৩. | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ৩২ জন |



# Housekeeping Operation and Hospitality Management

| ০১ | মেয়াদ | ০৩ মাস |
|---|---|---|
| ০২. | কোর্সের সংখ্যা | ০১ টি |
| ০৩. | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ২৭ জন |



# Graphics Design and Multimedia

| ০১ | মেয়াদ | ০২ মাস |
|---|---|---|
| ০২. | কোর্সের সংখ্যা | ০৩ টি |
| ০৩. | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ৯০ জন |



# Digital Marketing

| ০১ | মেয়াদ | ০২ মাস |
|---|---|---|
| ০২. | কোর্সের সংখ্যা | ০৩ টি |
| ০৩. | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ১০১ জন |



# Website Design

| ০১ | মেয়াদ | ০৪ সপ্তাহ |
|---|---|---|
| ০২. | কোর্সের সংখ্যা | ০২ টি |
| ০৩. | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ৫৫ জন |



# Communicative Language (English)

| | | |
|---|---|---|
| ০১ | মেয়াদ | ০৪ সপ্তাহ |
| ০২. | কোর্সের সংখ্যা | ০৫ টি |
| ০৩. | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ১৬০ জন |



# Multimedia Design

| ০১ | মেয়াদ | ০২ সপ্তাহ |
|---|---|---|
| ০২. | কোর্সের সংখ্যা | ০১ টি |
| ০৩. | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ৩২ জন |



# Adobe Photoshop & Illustrator

| ০১ | মেয়াদ | ০৪ সপ্তাহ |
|---|---|---|
| ০২. | কোর্সের সংখ্যা | ০৪ টি |
| ০৩. | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ১০৫ জন |



# Small Business and Entrepreneurship Development

| ০১ | মেয়াদ | ০২ সপ্তাহ |
|---|---|---|
| ০২. | কোর্সের সংখ্যা | ০৬ টি |
| ০৩. | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ১৯১ জন |



# Reception and Customer Service

| | | |
|---|---|---|
| ০১ | মেয়াদ | ০২ সপ্তাহ |
| ০২. | কোর্সের সংখ্যা | ০৮ টি |
| ০৩. | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ২৬০ জন |



# Tour Guide and Eco Tourism Management

| ০১ | মেয়াদ | ০২ সপ্তাহ |
|---|---|---|
| ০২. | কোর্সের সংখ্যা | ০৭ টি |
| ০৩. | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ২২৭ জন |



# Ornamental plants and Orchid Production

| | | |
|---|---|---|
| ০১ | মেয়াদ | ০২ সপ্তাহ |
| ০২. | কোর্সের সংখ্যা | ০২ টি |
| ০৩. | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ৬৯ জন |



# ইন্টার্নশিপপ্রাপ্ত প্রশিক্ষণার্থীর তালিকা

# ইন্টার্নশিপপ্রাপ্ত প্রশিক্ষণার্থীর পরিচিতি

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট প্রশিক্ষণের পাশাপাশি সঠিক দিক নির্দেশনা ও কর্মসংস্থানের সহায়ক হিসেবে ইন্টার্নশিপের ব্যবস্থা করে থাকে। ২০২৩-২০২৪ অর্থবছরে ইনস্টিটিউট থেকে সফল ভাবে প্রশিক্ষণ সম্পন্ন করে দেশের বিভিন্ন স্বনামধন্য হোটেল/রেঁস্তোরাতে ইন্টার্নশিপ করছে এমন কতিপয় প্রশিক্ষণার্থীর তালিকা নিম্নরুপ-

"Food and Beverage Production" - বিষয়ক প্রশিক্ষণ কোর্সের ইন্টার্নশিপপ্রাপ্ত প্রশিক্ষণার্থীদের তালিকা:

| ক্রমিক নং | প্রশিক্ষণার্থীদের নাম | জেলা | হোটেলের নাম |
|---|---|---|---|
| ০১ | ঐশি আরাবী | দিনাজপুর | রেনেসা হোটেল |
| ০২ | সাদিয়া আক্তার | মানিকগঞ্জ | রেনেসা হোটেল |
| ০৩ | মোঃ মাহমুদুল হাসান | সাতক্ষীরা | রেনেসা হোটেল |
| ০৪ | মোঃ উজ্জল আকন্দ | ঢাকা | রেনেসা হোটেল |
| ০৫ | তৌসিফ ফেরদৌস মারুফ | নারায়নগঞ্জ | রেনেসা হোটেল |
| ০৬ | মোঃ সোহাগ মিয়া | নরসিংদী | রেনেসা হোটেল |
| ০৭ | ইমরান মাহমুদ | ঢাকা | রেনেসা হোটেল |
| ০৮ | মোঃ ইমরান সরকার | নরসিংদী | রেনেসা হোটেল |
| ০৯ | মোঃ কাজিমুজ্জামান | ঢাকা | রেনেসা হোটেল |
| ১০ | আফরিন আক্তার | ঢাকা | রয়েল পার্ক রেসিডেন্স হোটেল |
| ১১ | তামান্না আক্তার নিপা | ভোলা | রয়েল পার্ক রেসিডেন্স হোটেল |
| ১২ | মোঃ মিরাজ উদ্দিন | ঢাকা | রয়েল পার্ক রেসিডেন্স হোটেল |
| ১৩ | মোঃ ফোরকান | চট্টগ্রাম | রয়েল পার্ক রেসিডেন্স হোটেল |
| ১৪ | মাহফুজ আলম রবিন | নরসিংদী | রয়েল পার্ক রেসিডেন্স হোটেল |
| ১৫ | মোঃ আল- আমিন | মানিকগঞ্জ | লি মেরিডিয়ান ঢাকা |
| ১৬ | মোঃ পাভেল খাঁন | বরিশাল | রেনেসাস ঢাকা |
| ১৭ | মোঃ তাওহীদুল ইসলাম | নোয়াখালী | লি- মেরিডিয়ান ঢাকা |
| ১৮ | মোঃ গোলাম কিবরিয়া | বরিশাল | লি- মেরিডিয়ান ঢাকা |

Diploma in Hotel, Tourism and Hospitality Management"-
বিষয়ক প্রশিক্ষণ কোর্সের ইন্টার্নশিপপ্রাপ্ত প্রশিক্ষণার্থীদের তালিকা-

| ক্রমিক নং | প্রশিক্ষণার্থীদের নাম | জেলা | হোটেলের নাম |
|---|---|---|---|
| ০১ | মোঃ মুকিত আহমেদ | ঢাকা | হোটেল সিপার্ল |
| ০২ | জনাইউ | কক্সবাজার | হোটেল সিপার্ল |
| ০৩ | মোঃ সজীব হোসেন | দিনাজপুর | হোটেল রেনেসা ঢাকা |
| ০৪ | মোঃ আশিকুল ইসলাম | নারায়ণগঞ্জ | হোটেল রেনেসা ঢাকা |
| ০৫ | মোঃ জহিরুল ইসলাম | মাদারীপুর | হোটেল রেনেসা ঢাকা |
| ০৬ | আশফিকুর রহমান পিয়াল | গাজীপুর | হোটেল সিপার্ল |
| ০৭ | মোঃ মাসুদুর রহমান | কিশোরগঞ্জ | হোটেল রেনেসা ঢাকা |

| ক্রমিক নং | প্রশিক্ষণার্থীদের নাম | জেলা | হোটেলের নাম |
|---|---|---|---|
| ০৮ | মাসুম রব্বানী | চাঁদপুর | রেনেসা হোটেল |
| ০৯ | গোবিন্দ চন্দ | পটুয়াখালী | হোটেল ওয়েস্টিন |
| ১০ | মোঃ আরিফুর রহমান | ঢাকা | হোটেল ওয়েস্টিন |
| ১১ | আব্দুল্লাহ আল মাসুম খান | টাঙ্গাইল | হোটেল ওয়েস্টিন |

"Housekeeping and Hospitality Management" -

বিষয়ক প্রশিক্ষণ কোর্সের ইন্টার্নশিপপ্রাপ্ত প্রশিক্ষণার্থীদের তালিকা-

| ক্রমিকপ নং | প্রশিক্ষণার্থীদের নাম | জেলা | হোটেলের নাম |
|---|---|---|---|
| ০১ | হলা থোয়াপ্রু মার্মা | রাঙ্গমাটি | মাত্রা হোটেল |
| ০২ | মাহবুবা আক্তার ইরা | ঢাকা | রেনেসাস হোটেল |
| ০৩ | শামিমা আক্তার | কিশোরগঞ্জ | প্যানপেসিফিক সোনারগাঁও হোটেল |
| ০৪ | মোঃ মাহামুদুল হাসান ভূইয়া | ঢাকা | রেনেসাস হোটেল |
| ০৫ | সাদিকুল ইসলাম | ঢাকা | সিপার্ল হোটেল |
| ০৬ | মোঃ মহসিন  আকন্দ | গাইবান্দা | সিপার্ল হোটেল |
| ০৭ | এবিএম কামরুল হাসান কৌশিক | লক্ষীপুর | প্যানপেসিফিক সোনারগাঁও হোটেল |
| ০৮ | কংচিং প্রু মার্মা | রাঙ্গামাটি | লিম্যারিডিয়ান হোটেল |
| ০৯ | মোঃ আতিকুর রহমান | বরিশাল | সিপার্ল হোটেল |
| ১০ | আবু তাহের | সাতক্ষীরা | প্যানপেসিফিক সোনারগাঁও হোটেল |
| ১১ | হাফিজুল ইসলাম | সাতক্ষীরা | রেনেসাস হোটেল |
| ১২ | সুকান্ত বালা | গোপালগঞ্জ | সিপার্ল হোটেল |
| ১৩ | মাহিন হোসেন | ঢাকা | প্যানপেসিফিক সোনারগাঁও হোটেল |
| ১৪ | সুরাইয়া আক্তার লুবনা | ময়মনসিংহ | প্যানপেসিফিক সোনারগাঁও হোটেল |
| ১৫ | মোঃ আশরাফুল আলম | যশোর | প্যানপেসিফিক সোনারগাঁও হোটেল |
| ১৬ | মোঃ এসাম উদ্দীন | রাজশাহী | সিপার্ল হোটেল |
| ১৭ | খন্দকার নুসরাত জাহান | কুমিল্লা | প্যানপেসিফিক সোনারগাঁও হোটেল |
| ১৮ | শারমীন  আবেদীন | ঢাকা | রেনেসাস হোটেল |
| ১৯ | মোঃ মঈনুল ইসলাম | ঢাকা | সেনারগাঁও হোটেল |
| ২০ | শহীদুল ইসলাম | বাগেরহাট | রেনেসাস হোটেল |
| ২১ | মোঃ মাহমুদুল হাসান ভুএগা | কিশোরগঞ্জ | সেনারগাঁও হোটেল |
| ২২ | মারুফা আক্তার | রংপুর | সেনারগাঁও হোটেল |
| ২৩ | শামসুজ্জোহা | গাইবান্দা | সেনারগাঁও হোটেল |

# বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স-২০২৪

বাংলাদেশের সার্বিক উন্নয়নে যুব ও যুবনারীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকরণে গঠিত হয় জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। উচ্চ শিক্ষা, গবেষণা এবং প্রশিক্ষণের মধ্য দিয়ে যুব ও যুবনারীদের দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলাই এ ইনস্টিটিউটের মূল লক্ষ্য।

২০১৮ সালে প্রতিষ্ঠিত এই ইনস্টিটিউটের ভিশন ও মিশন পূরণকল্পে ২০২৩ সালের জুলাই মাসে ইনস্টিটিউটের প্রথম জনবল নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়। নবনিয়োগপ্রাপ্ত নিজস্ব কর্মকর্তাদের দক্ষতা, নৈতিকতা, নিয়মানুবর্তিতা, সময়ানুবর্তিতা, পেশা সংশ্লিষ্ট জ্ঞান উৎকর্ষের জন্য ইনস্টিটিউটেই আয়োজিত হয় প্রথম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স-২০২৪। এই বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স ইনস্টিটিউটের নিজস্ব কর্মকর্তাদের সেবা প্রদানের মানসিকতা তৈরি এবং নেতৃত্বের গুণাবলির বিকাশের মাধ্যমে ইনস্টিটিউটকে Centre of Excellence হিসেবে প্রতিষ্ঠা করতে কার্যকর ভূমিকা পালন করছে।





শ্রদ্ধেয় সচিব মহোদয়ের সাথে বুনিয়াদি প্রশিক্ষণরত ইনস্টিটিউটের কর্মকর্তাবৃন্দ

# প্রকাশনা (সাময়িকী)

যুব ও যুবনারী উভয়কে যুগোপযোগী প্রশিক্ষণ, উচ্চ শিক্ষা ও গবেষণার মধ্য দিয়ে দক্ষ, যোগ্য ও আধুনিকমনস্ক করে গড়ে তোলাই জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের মূল লক্ষ্য ও উদ্দেশ্য। সে লক্ষ্যেই উন্নয়নের এই অগ্রযাত্রায় যুবসমাজকে যুগোপযোগী ও তাদের কর্মদক্ষতা, সক্ষমতা, আত্মবিশ্বাস বৃদ্ধি করার পাশাপাশি বিভিন্ন বিষয়ে উন্নত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলার মহান কাজটি জন্মলগ্ন থেকে করে আসছে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। এই ইনস্টিটিউট থেকে প্রশিক্ষণ নিয়ে প্রশিক্ষণার্থীগণ ইতোমধ্যে দেশের বিভিন্ন সেক্টরে সফলতার অবদান রাখতে সক্ষম হয়েছে। সেই সকল সফল প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে কয়েকজনের সফলতার গল্প সম্বলিত ইনস্টিটিউটের প্রথম সাময়িকী "নবজাগরণ" প্রকাশ করা হয়েছে। এটি সফল মানুষদের গল্পের এক অপূর্ব সংকলন যেখানে রয়েছে অনুপ্রেরণাদায়ক জীবন কাহীনি, যারা অদম্য সাহস, কঠোর পরিশ্রম এবং অবিচল ধৈর্য্যের মাধ্যমে জীবনে অসাধ্য সাধন করেছেন। "নবজাগরণ"-এ কেবল তাদের জীবনের সাফল্যেগাথাঁই বর্ণিত নাই বরং তাদের ব্যর্থতা, সংগ্রাম এবং ত্যাগের মহীমাও উজ্জীবিত রয়েছে যা উদ্যোমী যুবসমাজ কে আত্মবিশ্বাসী, কঠোর পরিশ্রমী, বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবেলায় সাহস অর্জন ও সর্বোপরি দেশের উন্নয়নে অবদান রাখার অনুপ্রেরণা যোগায় ।



গত ২৭ জুন ২০২৪ জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে অনুষ্ঠিত যুব কর্মশালা-২০২৪ এ সফলতার গল্প সম্বলিত প্রথম সাময়িকী "নবজাগরণ" এর মোড়ক উন্মোচন করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় সচিব মহোদয়

# গবেষণা

বিশ্বমানের নেতৃত্বের গুণাবলী ও ক্ষমতায়নে যুবদের সঠিক দিক নির্দেশনা এবং কর্মমুখী প্রশিক্ষণের ক্ষেত্র নির্বাচন এবং প্রতিবন্ধকতা দূরীকরণে ইনস্টিটিউটের গবেষণা কার্যক্রম পরিচালনা করা হয়। দেশের যুব সামজের জ্ঞান, দক্ষতা, উদ্ভাবনী ক্ষমতা, নেতৃত্ব, পেশাদারিত্ব অর্জনে উন্নয়নের সহায়ক ক্ষেত্র উন্মোচন, উপযোগী ও সহজলভ্য করা এবং নানামুখী প্রতিবন্ধকতা দূরীকরণ সম্পর্কিত গবেষণা সম্পাদন করা হয়ে থাকে। ২০২৩-২৪ অর্থবছরে একটি গবেষণা সম্পন্ন হয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে ২টি গবেষণা পরিচালনার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।




গবেষণা সেমিনারে উপস্থিত মূখ্য কর্মকর্তাবৃন্দ

# গবেষণা সম্পর্কিত সেমিনার









গবেষণা সেমিনারে উপস্থিত অতিথিবৃন্দ

# যুব কর্মশালা

যুবদের ও যুব সংগঠনগুলোকে ফলপ্রসূভাবে পরিচালনা ও উৎসাহিত করার নিমিত্তে সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, গবেষক, যুব প্রতিনিধির সমন্বয়ে যুব কর্মশালা অনুষ্ঠিত হয়। এ কর্মশালার মাধ্যমে মেধাবী যুবরা সামাজিক উন্নয়ন, আবিস্কার, উদ্ভাবন, বিভিন্ন শিক্ষা ও ধারণার উন্নয়ন ঘটাতে পারে। প্রতি বছর জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ের উপর কর্মশালা/সেমিনার অনুষ্ঠিত হয়ে থাকে। যার অংশ হিসেবে গত ২৭ জুন ২০২৪ তারিখে ইনস্টিটিউটের নির্বাহী কাউন্সিল ও একাডেমিক কাউন্সিলের সদস্য, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা, বিভিন্ন প্রতিষ্ঠানের বিষয় ভিত্তিক বিশেষজ্ঞ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক, রিসোর্স পার্সন, নির্বাচিত প্রশিক্ষণার্থী, যুব সম্প্রদায়ের প্রতিনিধিসহ অন্যান্য অংশগ্রহণকারীর উপস্থিতিতে 'স্কিল ডেভেলপমেন্ট এন্ড স্মার্ট লিডারশিপ বিনির্মানে যুব নেটওয়ার্কিং: সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।




যুব কর্মশালা-২০২৪ এ বক্তব্য প্রদান করছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের
মাননীয় সচিব ড. মহিউদ্দিন আহমেদ




যুব মতবিনিময় -২০২৪ এর শুভ উদ্বোধন করেন সম্মানিত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়



কর্মশালায় উপবিষ্ট সম্মানিত অতিথিবৃন্দ

# যুব সমাবেশ

বাংলাদেশ একটি সমৃদ্ধ ইতিহাস ও ঐতিহ্যের সম্ভাবনাময় দেশ। ৬৪টি জেলার বিভিন্ন সাংস্কৃতিক ও ঐতিহ্যগত বৈশিষ্ট্য এদেশকে সমৃদ্ধ করেছে। বিভিন্ন শ্রেণী/গোষ্ঠীর যুবদের সাংস্কৃতিক, ঐতিহ্যগত, অর্থনৈতিক এবং পেশাগত কার্যক্রমের সমন্বয় সাধনের জন্য জাতীয় পর্যায়ে এ যুব সমাবেশের আয়োজন করা হয়। যুবদের ধ্যান-ধারণা ও ক্রিয়াকলাপের পারস্পরিক আদান প্রদান এবং কর্মজীবনকে সমৃদ্ধ করতে প্রতি বছর যুবদের নিয়ে এ সমাবেশের আয়োজন করা হয়। ২০২৩-২৪ অর্থবছরে মার্চ মাসে যুব সমাবেশ আয়োজন করা হয়, যেখানে মোট ৭০০ জন যুব ও যুবনারী অংশগ্রহণ করেন।



যুব সমাবেশ-২০২৪ এ উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের সাথে সম্মানিত সচিব মহোদয়

# যুব মতবিনিময়

জাতীয় উন্নয়ন প্রক্রিয়ায় যুবদের সম্পৃক্তকরণ ও বিভিন্ন অঞ্চলের যুবদের পারস্পরিক অভিজ্ঞতা বিনিময়ের সুযোগ সৃষ্টি করার উদ্দেশ্যে দেশের বিভিন্ন পর্যায়ের যুব সংগঠনের সদস্য, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, যুব পুরস্কারপ্রাপ্ত, উদ্যোক্তাসহ বিভিন্ন শ্রেণির যুবদের সমন্বয়ে প্রতিবছর সারাদেশ থেকে দুইশত জন সফল যুব ও আত্মকর্মীকে নিয়ে ৫দিন ব্যাপী যুব মতবিনিময় অনুষ্ঠানের আয়োজন করা হয়। যুব মতবিনিময় যুবদের জন্য জাতীয় পর্যায়ের একমাত্র প্লাটফর্ম, যেখানে দেশের ৬৪ জেলা থেকে আগত বিভিন্ন শ্রেণীর যুবরা তাদের নিজেদের মাঝে মতবিনিময় করার সুযোগ পায়। সফল যুবদের সাফল্যের পিছনে নানা প্রতিবন্ধকতা, অভিজ্ঞতা, ব্যর্থতা ও সফলতার গল্প সফল হতে আগ্রহী যুবদের উদ্বুদ্ধ করে। আত্মকর্মী হওয়ার লক্ষ্যে অবিচল থাকার অনুপ্রেরণা যোগায়। সর্বোপরি, দেশের উন্নয়নে অবদান রাখার স্বপ্ন প্রজ্জ্বলিত করে। ৯ মে ২০২৪ তারিখ বিভিন্ন জেলা থেকে আগত ২০০ জন যুবদের স্বতঃস্ফূর্ত ও সক্রিয় অংশগ্রহণে যুব মতবিনিময়-২০২৪ অনুষ্ঠিত হয়।




যুব মতবিনিময় -২০২৪ এর শুভ উদ্বোধন করেন সম্মানিত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়







যুব মতবিনিময়-২০২৪ এ অংশগ্রহণকারীদের সাথে ইনস্টিটিউটের মহাপরিচালক

# সুশাসন প্রতিষ্ঠায় গৃহীত কার্যক্রম

# সুশাসন প্রতিষ্ঠায় গৃহীত কার্যক্রম

- নৈতিকতা কমিটির সভা আয়োজন;
- নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন;
- সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন;
- শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন;
- কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি) ইত্যাদি;
- জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর মন্ত্রণালয় হতে ফিডব্যাক গ্রহণ;
- আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন;
- প্রতি বছর রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন;
- অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন;
- শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রম গ্রহণ;
- সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ;
- শুদ্ধাচার প্রতিষ্ঠাকল্পে প্রতি মাসে শ্রেষ্ঠ কর্মচারী নির্ধারণ।

# ইনস্টিটিউট কর্তৃক অন্যান্য কার্যক্রম

# ইনস্টিটিউট কর্তৃক গৃহীত অন্যান্য কার্যক্রম

- ডিপ্লোমা কোর্স ও সংক্ষিপ্ত কোর্সে অনলাইনে ভর্তির আবেদন ও হালনাগাদ ডাটাবেস প্রস্তুত সংক্রান্ত এডমিশন ম্যানেজমেন্ট এন্ড ডাটাবেস সিস্টেম চালুকরণ;
- সকল কোর্সে ভর্তি/ ভর্তি পরীক্ষার ফলাফল ওয়েব সাইটে প্রকাশ;
- ডিপ্লোমা কোর্সসহ পর্যায়ক্রমে সকল প্রশিক্ষণ কোর্সের সার্টিফিকেট/নম্বরপত্র অনলাইনে আপলোড এর মাধ্যমে সেবা প্রাপ্তি সহজীকরণ;
- ৫০০০ বই দ্বারা সজ্জিত লাইব্রেরি সচলকরণ এবং ইন্টারনেট সুবিধাসহ প্রশিক্ষণার্থীদের গ্রুপ ভিত্তিক কার্যক্রমে নিয়োজিতকরণ;
- ইনস্টিটিউটের প্রশিক্ষণার্থী, কর্মকর্তা-কর্মচারী এবং কমপ্লেক্সে বসবাসকারীদের জন্য খন্ডকালীন চিকিৎসকের মাধ্যমে চিকিৎসা সুবিধা প্রদান;
- ৬ মাস মেয়াদী ৩ টি ডিপ্লোমা কোর্স এবং ৩ মাস মেয়াদী Food and Bevarage, Pastry and Bakery I Housekeeping & Hospitality Management কোর্সের সাথে ৩ মাসের ইন্টার্নশিপ সংযোজনের ব্যবস্থা গ্রহণ;
- বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও হাইটেক পার্ক কর্তৃপক্ষের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত;
- প্রশিক্ষণার্থীদের প্রায়েগিক জ্ঞান বৃদ্ধিকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সাথে সমঝোতা স্মারক এর কার্যক্রম অব্যাহত রয়েছে;
- বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার, হোটেল ইন্টার কন্টিনেন্টাল, হোটেল সোনারগাঁও এর সাথে সমঝোতা স্মারকের ব্যবস্থা গ্রহণ;
- ইনস্টিটিউটের কার্যক্রম ও প্রোগ্রামসমূহ ডিজিটালাইজশনের জন্য National Intelligence for Skills, Education Employment and Entrepreneurship (NISE) অ্যাপ্লিকেশনে ১০,৬৪৯ জনকে অর্ন্তভুক্তিকরণ;
- প্রশিক্ষণপ্রাপ্তদের কর্মসংস্থান বিষয়ে ফিডব্যাক গ্রহণ;

# ইনস্টিটিউটের অবকাঠামো ও অবকাঠামো ভাড়ার তালিকা

# ইনস্টিটিউটের অবকাঠামো

একটি সুসংগঠিত এবং আধুনিক অবকাঠামো ইনস্টিটিউটকে সফল করার মূল চাবিকাঠি। অবকাঠামো শুধুমাত্র ভৌত স্থাপনা নয় এটি ইনস্টিটিউটের সামগ্রিক কার্যক্রমকে ত্বরান্বিত করে। ইনস্টিটিউটের কাজের গতিশীলতা, উৎপাদনশীলতা, দক্ষতা, প্রশিক্ষণের মান উন্নয়ন, প্রশিক্ষণার্থীদের সার্বিক উন্নয়ন এবং ইনস্টিটিউটের কর্মপরিবেশ সমৃদ্ধ করার পাশাপাশি দ্রুততম সময়ে সুশৃঙ্খলভাবে কার্য সম্পাদনে পর্যাপ্ত অবকাঠামো অন্যতম প্রধান নিয়ামক।

সে লক্ষ্যে গত ২০২৩-২০২৪ অর্থ বছরে এ ইনস্টিটিউটের অবকাঠামোর উন্নয়ন ও সংস্কারের উপর মনোযোগ দেওয়া হয় ও নানামুখী কার্যক্রম সম্পন্ন করা হয়। বর্তমানে এ ইনস্টিটিউটে অবকাঠামোসমূহ নিম্নরূপ:

| | |
|---|---|
| ● প্রশাসনিক কাম একাডেমিক ভবন | ● শীতাতপ নিয়ন্ত্রিত অডিটোরিয়াম |
| ● লাইব্রেরি, ক্যাফেটেরিয়া ও জিমনেশিয়াম | ● মেডিকেল সেন্টার |
| ● আন্তর্জাতিক হোস্টেল | ● স্মৃতি স্তম্ভ |
| ● পুরুষ হোস্টেল | ● মহিলা হোস্টেল |
| ● মসজিদ | ● একাডেমিক ভবন |
| ● কর্মকর্তাদের বাসস্থান | ● কর্মচারীদের বাসস্থান |



অডিটোরিয়াম (৭০০ আসন বিশিষ্ট)


মহিলা হোস্টেল



পুরুষ হোস্টেল



আন্তর্জাতিক হোস্টেল




মসজিদ



যুব গবেষণা কেন্দ্র




লাইব্রেরি, ক্যাফেটেরিয়া ও জিমনেশিয়াম




মেডিকেল সেন্টার



স্মৃতি স্তম্ভ



কর্মকর্তা ও কর্মচারীদের বাসস্থান

# অবকাঠামো ভাড়ার তালিকা

নির্বাহী কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ৭০০ আসন বিশিষ্ট কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রিত অডিটোরিয়াম ও হলরুমসহ অন্যান্য অবকাঠামো ব্যবহারের ক্ষেত্রে ভাড়ার হার নিম্নরুপঃ

| ক্রমিক নং | অবকাঠামো | ভাড়ার পরিমাণ | | ভাড়ার সময়কাল |
|---|---|---|---|---|
| | | **সরকারী ক্ষেত্রে** | **বেসরকারী ক্ষেত্রে** | |
| **০১.** | অডিটোরিয়াম ৭০০ আসন বিশিষ্ট, কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রিত | ২৫,০০০/- | ৫০,০০০/- | দৈনিক |
| **০২.** | এল.ই.ডি. স্ক্রিন | ১০,০০০/- | ২০,০০০/- | ঐ |
| **০৩.** | ক্লাসরুম ভাড়া (৫০-৭৫ আসন বিশিষ্ট এসি) | ৫০০০/- | ১০,০০০/- | ঐ |
| **০৪.** | হোস্টেলের সিট ভাড়া | ৩০০/- | ১০০০/- | ঐ |
| **০৫** | আন্তর্জাতিক হোস্টেলের সিট ভাড়া (এসি সিঙ্গেল) | ৫০০/- | ১০০০/- | ঐ |
| **০৬.** | (এসি ডাবল) | ৮০০/- | ১৫০০/- | ঐ |
| **০৭.** | ক্যাফেটেরিয়া | ৫,০০০/- | ১০,০০০/- | ঐ |
| **০৮.** | উন্মুক্ত অঙ্গন | ৫,০০০/- | ১০,০০০/- | ঐ |
| **০৯.** | হল রুম | ১০,০০০/- | ২০,০০০/- | ঐ |
| ১০. | সাপোর্ট সার্ভিস (ক্লিনার, ডাইনিং রুম এটেনডেন্ট, হোস্টেল পিয়ন ইত্যাদির) মোট ব্যয়ের ১০% | | | |
| ১১. | সার্ভিস চার্জ (যন্ত্রপাতি, অডিও ভিজুয়্যাল ইকুইপমেন্টস, ডাইনিং- এ ব্যবহৃত তৈজসপত্র) মোট ব্যয়ের ১০% | | | |

# ফটো গ্যালারি

# ইনস্টিটিউটে আয়োজিত বিভিন্ন সভার কতিপয় স্থিরচিত্র















# প্রশিক্ষণ কার্যক্রম





# প্রশিক্ষণ কার্যক্রম





# প্রশিক্ষণ কার্যক্রম





# যথাযথ মর্যাদায় বিভিন্ন জাতীয় দিবস পালন











# হাইটেক পার্ক ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর সাথে সমোঝতা স্মারক সম্পাদন





# ইনস্টিটিউটে অনুষ্ঠিত ক্রীড়া অনুষ্ঠান











# প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান
















তারুণ্যের শক্তি বাংলাদেশের উন্নতি

**জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট**

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

সাভার, ঢাকা